

আপীল নং-৭৪/২০২১

তারিখঃ ২২/০৩/২০২১

আদেশের ক্রমিক নং ও তারিখ	আদেশ ও কর্মকর্তার স্বাক্ষর	আদেশের উপর গৃহীত ব্যবস্থা
১০/০৬/২০২১	<p>আপীলকারীর প্রতিনিধি জনাব মো: ইসমাইল, ব্যবস্থাপক ০৮/০৬/২০২১ তারিখে শুনানীতে হাজির হয়ে নিবন্ধন সংশ্লিষ্ট কাগজপত্রাদি দাখিল করেছিলেন। আপীলকারীর প্রতিনিধির মৌখিক বক্তব্য ও দাখিলকৃত কাগজপত্রাদি পর্যালোচনা করে দেখা যায়, এজেন্সীটির নবায়ন আবেদনের মেয়াদ উত্তীর্ণের তারিখ ছিল ১৫/১০/২০২০ পর্যন্ত। এজেন্সীটি নবায়ন আবেদন দাখিল করেছে ০৬/০২/২০২১ তারিখ। ট্রাভেল এজেন্সীটি নবায়ন আবেদনে ১০ লক্ষ টাকা উল্লেখসহ ব্যাংক সলভেন্সী সনদ না থাকা এবং নির্ধারিত সময়ে নবায়ন আবেদন দাখিল না করার কারণে ০৭/০২/২০২১ তারিখে নবায়ন আবেদনটি বাতিল হয়ে যায়। উক্ত বাতিল আদেশের বিরুদ্ধে ২২/০৩/২০২১ তারিখ আপীল দায়ের করেন। বিধি অনুযায়ী আবেদন বাতিলাদেশের ৬০ দিনের মধ্যে আপীল দায়ের করেছেন। শুনানীর সময় এজেন্সীর মালিকের প্রতিনিধি জানান যে, অসাবধানতার কারণে নবায়ন আবেদন দাখিল করতে ০৩ (তিন) মাসের অধিক সময় বিলম্ব হয়। আপীলকারীর ০৮/০৬/২০২১ তারিখে শুনানীর সময় ব্যাংক সনদ থাকলেও ১০ লক্ষ টাকা উল্লেখিত ছিল না। আপীলকারীর প্রতিনিধি আগামী ২/৩ দিনের মধ্যে ১০ লক্ষ টাকা উল্লেখসহ ব্যাংক সলভেন্সী সনদ আপীল কর্তৃপক্ষের নিকট ডাকযোগে প্রেরণ করবেন বলে আপীলকারীর প্রতিনিধি অভিমত প্রকাশ করেন। নবায়নের আবেদনের ক্ষেত্রে ভবিষ্যতে যথাসময়ে আবেদন দাখিল করবেন বলেও শুনানীতে এজেন্সীর মালিকের প্রতিনিধি মৌখিকভাবে অঙ্গীকার করেছেন। সে মোতাবেক ১০/০৬/২০২১ তারিখে ১০ লক্ষ টাকা উল্লেখসহ ব্যাংক সলভেন্সী সনদ ডাকযোগে প্রেরণ করেছেন।</p> <p>আপীলকারীর প্রতিনিধির বক্তব্য ও নথিতে রক্ষিত কাগজপত্রাদি পর্যালোচনায় দেখা যায় যে, আপীলকারীর নবায়ন আবেদন দাখিল করতে ০৩ (তিন) মাসের অধিক সময় বিলম্ব হয়েছে। শুনানীর দিনে ব্যাংক সনদ থাকলে, ১০ লক্ষ টাকা উল্লেখিত ছিল না। ১০ লক্ষ টাকা উল্লেখসহ ব্যাংক সলভেন্সী সনদ ১০/০৬/২০২১ তারিখে ডাকযোগে প্রেরণ করেছেন। বর্তমানে আপীলকারীর ব্যাংক সলভেন্সী সনদসহ নিবন্ধন সংশ্লিষ্ট কাগজপত্রাদি যেমন, হালনাগাদ আয়কর প্রত্যয়নপত্র, হালনাগাদ ট্রেড লাইসেন্স, অফিস ভাড়ার চুক্তিনামা ও ০৩ (তিন) বছরের বিক্রয় বিবরণীসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র সঠিক রয়েছে। তাই আপীলকারীর আবেদনটি মঞ্জুর করা হলো। অত্রাফিসের ০৭/০২/২০২১ তারিখের নিবন্ধন সনদ নবায়ন আবেদন বাতিলাদেশ রহিত করা হলো। “ বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) (সংশোধন) আইন, ২০২১ ” মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিবন্ধন কর্তৃপক্ষকে নির্দেশ প্রদান করা হলো। সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হোক।</p> <p>স্বাক্ষরিত-১০/০৬/২০২১ মিজানুর রহমান অতিরিক্ত সচিব</p> <p>গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয় অতিরিক্ত সচিব(প্রশা: পর্যঃ ও নিয়ন্ত্রক) এর দপ্তর</p>	
	<p>নং-৩০.০০.০০০০.০০০৩.৯৯.০৭৪.২০২১-২৬৪</p> <p>অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-</p> <ol style="list-style-type: none"> <li>১) সিনিয়র সচিব/সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্মার্ট মন্ত্রণালয়/প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়/ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।</li> <li>২) অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক(বিশেষ শাখা), রাজারবাগ, ঢাকা।</li> <li>৩) যুগ্ম-সচিব(প্রশাসন), বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।</li> <li>৪) জেলা প্রশাসক, ফেনী।</li> <li>৫) পুলিশ সুপার, ফেনী।</li> <li>৬) সচিব মহোদয়ের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।</li> <li>৭) উপসচিব(পর্যটন-৩), বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।</li> <li>৮) মহাসচিব, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্ট অব বাংলাদেশ(আটাব), সাত্তারা সেন্টার, ৩০/এ, নয়া পল্টন, (১৬ তলা,) ঢাকা-১০০০।</li> <li>৯) ব্যবস্থাপক, ইন্টারন্যাশনাল রিলেশনশিপ, আইএটিএ বাংলাদেশ, হোসনা সেন্টার, (৩য় তলা), সার্ট-১২০, ১০৬, গুলশান এভিনিউ, ব্লক-এসই(সি), গুলশান, ঢাকা।</li> <li>১০) বাংলাদেশে অবস্থিত সকল এয়ারলাইন্সসমূহ-----</li> <li>১১) প্রোগ্রামার এ মন্ত্রণালয়(ওয়েব সাইটে প্রকাশে জন্য)।</li> <li>১২) জনাব আশরাফুল হায়দার, স্বত্বাধিকারী, কমর্ফোর্ট হজ্জ সার্ভিসেস, ফেনী প্লাজা (৩য় তলা), ট্রাংক রোড, ফেনী।</li> </ol> <p>মিজানুর রহমান অতিরিক্ত সচিব বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়</p>	তারিখঃ ১০/০৬/২০২১ইং